ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৫৫৭

আগরতলা, ৪ জুলাই, ২০২৫

**নির্বাচন কমিটির সঙ্গে সমাজবাদী পার্টির মতবিনিময়**

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং নির্বাচন কমিশনার ড. সুখবীর সিং সান্ধু ও ড. বিবেক জোশী আজ নির্বাচন সদনে সমাজবাদী পার্টির এক প্রতিনিধি দলের সঙ্গে মতবিনিময় করেন। প্রতিনিধি দলটির নেতৃত্ব দেন দলের সাধারণ সম্পাদক রামগোপাল যাদব। কমিশন তাদের মতামত বিষয়ে অবগত হন।

এই বৈঠকটি জাতীয় ও রাজ্য পর্যায়ের বিভিন্ন রাজনৈতিক দলের সভাপতিদের সঙ্গে নির্বাচন কমিশনের ধারাবাহিক আলোচনার অংশ। এই ধরণের আলোচনা দীর্ঘদিনের একটি প্রয়োজনীয়তার প্রতিফলন, যা জাতীয় ও রাজ্য রাজনৈতিক দলের সভাপতিদের তাদের মতামত ও উদ্বেগ সরাসরি কমিশনের সঙ্গে শেয়ার করে নেওয়ার সুযোগ করে দেয়। এই উদ্যোগ কমিশনের বৃহত্তর লক্ষ্য, অর্থাৎ সমস্ত অংশীদারদের সঙ্গে মিলে প্রচলিত আইনগত কাঠামোর মধ্যে থেকে নির্বাচন প্রক্রিয়াকে আরও শক্তিশালী করার উদ্দেশ্যকে প্রতিফলিত করে।

কমিশন ইতিমধ্যে স্বীকৃত জাতীয় রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেছে। এরমধ্যে ৬ মে ২০২৫ দলীয় সভাপতি কুমারী মায়াবতীর নেতৃত্বে বহুজন সমাজ পার্টি (বিএসপি), ৮ মে ২০২৫ সভাপতি জগৎ প্রকাশ নাড্ডার নেতৃত্বে ভারতীয় জনতা পার্টি (বিজেপি), ১০ মে ২০২৫ সাধারণ সম্পাদক এম এ বেবির নেতৃত্বে কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া (মার্ক্সবাদী) ১৩ মে ২০২৫ সভাপতি কনরাড সাংমার নেতৃত্বে ন্যাশনাল পিপলস পার্টির, ১৫ মে ২০২৫ জাতীয় আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়ালের নেতৃত্বে আম আদমি পার্টি, ০১ জুলাই ২০২৫ সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস (এআইটিসি) দলের অনুমোদিত প্রতিনিধি শ্রীমতি চন্দ্রিমা ভট্টাচার্যের নেতৃত্বে বৈঠক হয়েছে। এছাড়াও ৩ জুলাই ২০২৫ ওয়াই ভি সুব্বা রেড্ডির নেতৃত্বে যুবজন শ্রমিক রায়তু কংগ্রেস পার্টির সঙ্গে কমিশনের বৈঠক হয়েছে।

চলতি বছরের মার্চ মাসে মোট ৪,৭১৯টি সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে, যার মধ্যে ছিল ৪০টি মুখ্য নির্বাচনী আধিকারিকদের (CEO), ৮০০টি জেলা নির্বাচনী আধিকারিকদের (DEO), এবং ৩,৮৭৯টি নির্বাচন নিবন্ধন আধিকারিকদের (ERO) বৈঠক, যেখানে ২৮,০০০-এরও বেশি বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি অংশগ্রহণ করেন। নির্বাচন কমিশন থেকে এক প্রেস নোটে এই সংবাদ জানানো হয়েছে।

*******